Dir (A&F) please send endorse copy to all madrasah head for implementation of the TMED's instruction 08.04.18

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
(সমন্বয় শাখা)
www.tmed.gov.bd

DD (Adm) Pls. take NTA according to the instruction 8.4.18

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২২.০১০.১৭.১৯৭

তারিখ: ২২ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়:** মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশিত জাতীয় পুষ্টি সপ্তাহে (২৩-২৯ এপ্রিল ২০১৮) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টি বিষয়ে সচেতনতা কর্মসূচি পালন।

সূত্রঃ স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং ৪৫.০০.০০০০.১৬১.০০৬.০১.১০(অংশ-১)-১২৬, তারিখ: ২৭ মার্চ, ২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত পত্রে ছায়ালিপি (সংলগ্নীসহ) এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী আগামী ২৩-২৯ এপ্রিল ২০১৮ তারিখ সারাদেশে পুষ্টি সপ্তাহ উদ্‌যাপনের নিমিত্ত জাতীয় পুষ্টি বিষয়ে ক্লাস অনুষ্ঠানসহ ছাত্রছাত্রীদের সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে নির্ধারিত সময়ে এতদ্‌সংশ্লিষ্ট বিভিন্ন কর্মসূচি পালনে তাঁর অধিক্ষেত্রাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (সমন্বয়)
মোবা: ০১৯১৮১৭৪৬১১
Email: dstmed17@gmail.com

বিতরণ সদয় কার্যার্থে:

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন রোড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ,ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৩০.০০১.১৭-৮৫

তারিখঃ ০৮.০৪.২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

08.04.2018

(মোঃ সাইফুল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন), মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
ফোন-৪১০৩০১৬৩ ইমেইলঃ ddadmeb@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. অধ্যক্ষ, সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদরাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া মাদরাসা, বগুড়া
২. জেলা শিক্ষা অফিসার (সকল) [তাঁর জেলার সকল মাদরাসায় অবহিতকরণের অনুরোধসহ]
৩. অধ্যক্ষ/সুপার, ......................মাদরাসা, পোঃ.............., উপজেলা............, জেলা......................
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-২
www.mohfw.gov.bd

## পুনর্গঠিত বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদের প্রথম সভার কার্যবিবরণী

সভাপতি : শেখ হাসিনা, প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সভার তারিখ ও সময় : ১৩.০৮.২০১৭ খ্রিঃ, রোববার, সকাল ১১.০০ টা
সভার স্থান : চামেলি হল, প্রধানমন্ত্রীর কার্যালয়

সভায় উপস্থিত সম্মানিত সদস্য/কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হলো।

২। মাননীয় প্রধানমন্ত্রী ও সভার সভাপতি সকলকে স্বাগত জানান এবং সূচনা বক্তব্য দিয়ে সভার কাজ শুরু করেন। বক্তব্যের শুরুতেই তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানান এবং বলেন, জাতির পিতা শুধু স্বাধীনতাই এনে দেননি, দেশকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার জন্য তিনি পথ দেখিয়ে গেছেন। যুদ্ধবিধ্বস্ত একটি দেশে তিনি অন্ন, বস্ত্র ও বাসস্থান তথা মৌলিক চাহিদা পূরণের দিকে সর্বপ্রথম নজর দেন। দেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালে তিনি মাত্র ৯ মাসে দেশকে সংবিধান উপহার দিয়েছেন। তাঁর নেতৃত্বে প্রণীত সংবিধানের ১৮(১) অনুচ্ছেদে পুষ্টির প্রতি রাষ্ট্রের অংগীকার এভাবে প্রতিফলিত হয়েছেঃ 'জনগণের পুষ্টির স্তর উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নতি সাধনকে রাষ্ট্র অন্যতম কর্তব্য বলিয়া গণ্য করিবে'।

৩। মাননীয় প্রধানমন্ত্রী বলেন, ব্রিটিশরা এদেশ শাসন করেছে প্রায় ২০০ বছর। এরপর ঘটে ২৪ বছর পাকিস্তানিদের শোষণ, তারপর জাতির পিতার নেতৃত্বে আমরা স্বাধীনতা অর্জন করেছি। ২৪ বছরের সংগ্রাম ও মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে জাতির পিতা একটি প্রদেশকে স্বাধীন রাষ্ট্রীয় কাঠামোতে উন্নীত করে গেছেন। স্বাধীনতার সুফল জনগণ যাতে ভোগ করতে পারেন তার জন্য প্রতিটি ক্ষেত্রে আইন, নীতিমালা ও পরিকল্পনা দিয়ে গেছেন। আমরা যদি তাঁর গৃহীত পদক্ষেপ অনুসরণ করি তবে জনজীবনের মানোন্নয়ন কোন কঠিন কাজ নয়। তিনি বলেন, জাতির পিতার নির্দেশিত পথে দেশকে উন্নয়নের ধারায় এগিয়ে নিয়ে যাওয়াই আমাদের লক্ষ্য। জাতির পিতা সাড়ে তিন বছরের মধ্যে যুদ্ধবিধ্বস্ত দেশ গড়ে উন্নয়নের পথে যাত্রা শুরু করেন। দেশ যখন অগ্রগতির পথে এগিয়ে যাচ্ছিল, মানুষ উন্নয়নের ছোঁয়া পেতে শুরু করেছিল, সুন্দর ভবিষ্যতের স্বপ্ন দেখছিল, ঠিক তখনই ১৫ই আগস্ট ১৯৭৫ সালে বাংলাদেশের স্বাধীনতা ও অগ্রযাত্রা বিরোধী ঘাতকের হাতে তিনি সপরিবারে আত্মীয় পরিজনসহ নিহত হন। এরপর জাতীয় চার নেতাকেও হত্যা করা হয়।

৪। মাননীয় প্রধানমন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর সময় দেশ ৭% জিডিপি প্রবৃদ্ধি অর্জন করেছিল। বিগত ১৯৭৫ সালের ১৫ই আগস্টের পর যারা অবৈধভাবে ক্ষমতায় এসেছিল, তারা স্বাধীনতা ও উন্নয়ন ধ্বংস করে দেশকে পরনির্ভরশীল করে রাখতে চেয়েছে। দীর্ঘ ২১ বছর পর ১৯৯৬ সালে আওয়ামীলীগ দায়িত্বে আসার পর প্রথম মৌলিক চাহিদা পূরণের লক্ষ্যে কাজ শুরু করে। আওয়ামীলীগ সরকারের আমলে ১৯৯৯-২[illegible] দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করে। অপরদিকে বিএনপি চেয়েছে পরনির্ভরতা, খাদ্যে [illegible] হলে বিদেশী সাহায্য পাওয়া যাবে না বিধায় তারা স্বয়ংসম্পূর্ণতা চায়নি। খাদ্যে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-২
www.mohfw.gov.bd

## জাতীয় পুষ্টি সপ্তাহ ২০১৮ পালনের নিমিত্তে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মো. সিরাজুল হক খান, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সভার স্থানঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (নং- ৩৩২, ভবন ৩), বাংলাদেশ সচিবালয়, ঢাকা
তারিখ ও সময়ঃ ২৭.০২.২০১৮ খ্রিঃ; বেলা ১১:৩০ টা

সভার উপস্থিত সদস্য/কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হলো।

২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে এবং পরিচয় পর্বের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ১৩.০৮.১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদের সভার গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে আগামী ২৩-২৯ এপ্রিল ২০১৮ সারা দেশে পুষ্টি সপ্তাহ পালনের কর্মসূচি, প্রস্তুতি ও অর্থায়নসহ বিভিন্ন বিষয় আলোচনা করা হয়।

৩। আলোচনা ও সিদ্ধান্তঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১) পুষ্টি সপ্তাহের প্রতিপাদ্য | জাতীয় পুষ্টি সপ্তাহ পালনের জন্য ৩টি প্রতিপাদ্য যথাঃ ১) সুস্থ সবল জাতি চাই, পুষ্টির কোন বিকল্প নাই; ২) খাদ্যের কথা ভাবলে, পুষ্টির কথাও ভাবুন; ৩) পুষ্টি উন্নয়নের বুনিয়াদ—নিয়ে আলোচনা করা হয়।সভায় প্রতিপাদ্য- ১ এবং ২ নিয়ে আলোচনা হয়। ডাঃ এস. কে. রয় চেয়ারম্যান বিবিএফ, প্রতিপাদ্য-১ গ্রহণের বিষয়ে অভিমত দেন। সভাপতি ২নং প্রতিপাদ্যের উপর সকলের মতামত আহবান করেন। খাদ্য মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ পরিচালক MIS-DGHS প্রতিপাদ্য-২ গ্রহণের মতামতের সাথে সহমত ব্যক্ত করেন। | প্রতিপাদ্য-২ 'খাদ্যের কথা ভাবলে, পুষ্টির কথা ভাবুন' কে পুষ্টি সপ্তাহ পালনের মূল প্রতিপাদ্য হিসেবে গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২) সপ্তাহব্যাপী পুষ্টি সপ্তাহের কর্মসূচি | সাতদিন ব্যাপী অনুষ্ঠিতব্য পুষ্টি সপ্তাহের প্রস্তাবিত উপজীব্য বিষয়সমূহ ও বিস্তারিত কর্মসূচি (সংযুক্তি-১) সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>পুষ্টি মেলার জন্য প্রস্তাবিত স্থান হিসেবে ওসমানী মিলনায়তন আলোচনায় আসে এবং এ বিষয়ে সকলে একমত প্রকাশ করেন।<br>জাতীয় পুষ্টি সপ্তাহের উদ্বোধনী দিনে কেন্দ্রীয় পর্যায়ে প্রস্তাবিত র‍্যালী জাতীয় শহীদ মিনার থেকে শুরু হয়ে ওসমানী মিলনায়তনে এসে শেষ হতে পারে মর্মে সকলে অভিমত ব্যক্ত করেন।<br><br>সারাদেশে বিভিন্ন হটস্পট এলাকা চিহ্নিত করে পুষ্টি বিষয়ক ব্যানার, ফেস্টুনের মাধ্যমে সাজানোর বিষয়টি আলোচনায় আসে।<br><br>পুষ্টি সপ্তাহ উপলক্ষে প্রস্তুতকৃত কার্যক্রমের খসড়ায় দৈনিক সংবাদপত্রে ক্রোড়পত্র প্রকাশের বিষয়টিও সভায় আলোচিত হয়। ৫ টি বাংলা দৈনিক ও ২ টি ইংরেজি দৈনিকে প্রকাশের প্রাথমিক প্রস্তাব সভায় উত্থাপিত হয়।<br><br>পুষ্টি সপ্তাহ চলাকালীন জাতীয় টেলিভিশন, বেতার, এফএম রেডিওতে বিশেষ সংবাদ ও বিজ্ঞাপন প্রকাশের বিষয়টি সভায় আলোচিত হয়। গণযোগাযোগ অধিদপ্তর এর মাধ্যমে তথ্য প্রচারের বিষয়টি সভায় আলোচনা করা হয়। | নিম্নোক্ত অনুশাসনসহ সপ্তাহব্যাপী প্রস্তাবিত পুষ্টি সপ্তাহের কর্মসূচি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br><br>ক) ২৩ এপ্রিল ২০১৮ এর জন্য ওসমানী মিলনায়তন এবং এর সামনের খালি জ'যগা পুষ্টি সপ্তাহের উদ্বোধন ও পুষ্টি মেলার নিমিত্ত বরাদ্দ করার জন্য পূর্ত মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে;<br>খ) ঢাকায় পুষ্টি সপ্তাহের র‍্যালি কেন্দ্রীয় শহীদ মিনার থেকে শুরু হয়ে ওসমানী মিলনায়তন পর্যন্ত এসে শেষ হবে; বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে র‍্যালির স্থান সংশ্লিষ্ট কমিটি ঠিক করবেন;<br>গ) সারাদেশে সড়ক দ্বীপসহ বিভিন্ন হটস্পট এলাকা চিহ্নিত করে পুষ্টি বিষয়ক ব্যানার, ফেস্টুনের মাধ্যমে সাজাতে হবে;<br>ঘ) মোট ৭টি বাংলা দৈনিকে ক্রোড়পত্র প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়;<br>ঙ) সকল মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে;<br>চ) প্রস্তাবিত সেমিনার গুলো কেন্দ্রীয় পর্যায় |

সংযুক্তি-১

## জাতীয় পুষ্টি সপ্তাহ ২০১৮: প্রস্তাবিত কর্মসূচি/পরিকল্পনা

| দিবস | তারিখ | উপজীব্য |
|---|---|---|
| প্রথম (সোম) | ২৩.৪.২০১৮ | উদ্বোধনী ও মেলা |
| দ্বিতীয় (মঙ্গল) | ২৪.৪.২০১৮ | মাতৃপুষ্টি |
| তৃতীয় (বুধ) | ২৫.৪.২০১৮ | শিশু পুষ্টি বিশেষ করে পাঁচ বছরের নীচের শিশুদের পুষ্টি (এছাড়া অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা সম্পন্ন শিশুদের পুষ্টি) |
| চতুর্থ (বৃহস্পতি) | ২৬.৪.২০১৮ | স্কুলগামী শিশুদের পুষ্টি, কৈশোরকালীন পুষ্টি এবং খাদ্যাভ্যাস |
| পঞ্চম (শুক্র) | ২৭.৪.২০১৮ | বয়স্কদের পুষ্টি, অসংক্রামক রোগ প্রতিরোধ এবং WASH |
| ষষ্ঠ (শনি) | ২৮.৪.২০১৮ | ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন (সরবরাহ প্রাপ্তি সাপেক্ষে) |
| সপ্তম (রবি) | ২৯.৪.২০১৮ | বহুখাতভিত্তিক সমন্বয় (eg: Production, WASH, Social safety net etc) এবং সমাপনী |

| দিন | কার্যক্রম | কেন্দ্রীয় পর্যায় | বিভাগীয় পর্যায় | জেলা পর্যায় | উপজেলা পর্যায় | গ্রাম পর্যায় |
|---|---|---|---|---|---|---|
| উদ্বোধনী অনুষ্ঠানের আগের দিন | সংবাদ সম্মেলন | সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতিতে প্রিন্ট ও ইলেক্ট্রনিক্স মিডিয়ার প্রতিনিধিবৃন্দের সাথে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/নির্ধারিত স্থান | | | | |
| | এডভোকেসি মিটিং | | ৪ | | | |
| প্রথম দিন | উদ্বোধনী অনুষ্ঠান | ওসমানী মিলনায়তনে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন। (বিভাগ/জেলা ও উপজেলাসমূহে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনী বক্তব্য সম্প্রচার) | বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে পরিচালক স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের এবং পুষ্টি বিষয়ে কাজ করে এমন প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দদের নিয়ে অনুষ্ঠান এবং ভিডিও কনফারেন্স এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনী বক্তব্য সম্প্রচার | সিভিল সার্জন অফিস, তত্তাবধায়ক জেলা হাসপাতাল, সিভিল সার্জন, জেলা প্রশাসক, নির্বাহী প্রকৌশলী, পুলিশ সুপার, জেলা শিক্ষা অফিসার, খাদ্য ও কৃষি অফিসার এবং অন্যান্য অথিতিদের উপস্থিতিতে | উপজেলা ভিত্তিক অন্যান্য সরকারি ও বেসরকারি অফিস ও এনজিও রকর্মকর্তাদের নিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে উদ্বোধনঃ | ইউনিয়ন সাবসেন্টার/কমিউনিটি ক্লিনিকে উদ্বোধন |
| | র‍্যালি | সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের এবং পুষ্টি বিষয়ে কাজ করে এমন প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দদের নিয়ে | বিভাগীয় পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তর এবং পুষ্টি বিষয়ে কাজ করে এমন প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দদের নিয়ে | জেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তর এবং পুষ্টি বিষয়ে কাজ করে এমন প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দদের নিয়ে | উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তর এবং পুষ্টি বিষয়ে কাজ করে এমন প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দদের নিয়ে | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পুষ্টি মেলা | ওসমানী মিলনায়তন | | জেলা পৌর পার্ক | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে | বড় স্কুল/কলেজের মাঠ |
| | দৈনিক সংবাদ পত্রিকায় ক্রোড় পত্র প্রকাশ | | | | | |
| | জাতীয় টেলিভিশন, বেতার, কমিনিউটি রেডিও, এফএম রেডিওতে পুষ্টি সপ্তাহ এর জন্য বিশেষ সংবাদে ও বিজ্ঞাপন প্রচার অন্তত ১০ মিনিট এবং **মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ একযোগে জাতীয় টেলিভিশন, বেতার, কমিনিউটি রেডিও, এফএম রেডিও এবং বেসরকারি টেলিভিশনে প্রচার** | | | | | |
| | গণযোগাযোগ অধিদপ্তর এর মাধ্যমে তথ্য প্রচার | সারা দেশব্যপী | | | | |
| দ্বিতীয় দিন | স্কুল, কলেজ, মাদরাসায় পুষ্টি সপ্তাহের প্রতিপাদ্য বিয়য়ের উপর বয়স ভিত্তিক রচনা প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা | সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসায় | সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসায় | সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসায় | সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসায় | |
| | মাতৃপুষ্টি বিষয়ে রেডিও, টিভি স্যাটেলাইট চ্যানেলে বিভিন্ন ক্ষেত্রে চ্যাম্পিয়নদের বক্তব্য প্রচার | | | | | |
| | | মাতৃপুষ্টি ও ব্রেস্ট ফিডিং বিষয়ে হাসপাতাল/ক্লিনিকসমূহে কাউন্সিলিং সেশন | মাতৃপুষ্টি ও ব্রেস্ট ফিডিং বিষয়ে হাসপাতাল/ক্লিনিকসমূহে কাউন্সিলিং সেশন | মাতৃপুষ্টি ও ব্রেস্ট ফিডিং বিষয়ে হাসপাতাল/ক্লিনিকসমূহে কাউন্সিলিং সেশন | মাতৃপুষ্টি ও ব্রেস্ট ফিডিং বিষয়ে হাসপাতাল/ক্লিনিকসমূহে কাউন্সিলিং সেশন | মাতৃপুষ্টি ও ব্রেস্ট ফিডিং বিষয়ে হাসপাতাল/ক্লিনিকসমূহে কাউন্সিলিং সেশন |
| | মাতৃপুষ্টি বিষয়ে সেমিনার | ৪ | ৪ | ৪ | ৪ | |
| | উঠান বৈঠক | | | | | বাড়ীর উঠান বা বাড়ীর আশেপাশে ফাকা জায়গা |
| | কৃষকদের নিয়ে মৌসুম অনুযায়ী ফলমূল ও শাকসবজি উৎপাদন মেলানো খেলা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠান | | | | উপজেলায় খেলার মাঠ | |
| | জাতীয় টেলিভিশন, বেতার, কমিনিউটি রেডিও, এফএম রেডিওতে পুষ্টি সপ্তাহ এর জন্য সংবাদে ও বিজ্ঞাপন এবং বিশেষ প্রতিবেদন প্রচার অন্তত ১০ মিনিট | | | | | |
| | দৈনিক সংবাদ পত্রিকায় প্রতিপাদ্য বিষয়ের উপর প্রতিবেদন প্রকাশ | | | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| তৃতীয় দিন | চিত্রাঙ্কন প্রতিযোগিতা | সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসায় | | সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসায় | সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসায় | |
| | শিশু পুষ্টি বিশেষ করে পাঁচ বছরের নীচের শিশুদের পুষ্টি (এছাড়া অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা সম্পন্ন শিশুদের পুষ্টি) বিষয়ে সেমিনার | | | | | |
| | শিশু পুষ্টি বিষয়ে রেডিও, টিভি স্যাটেলাইট চ্যানেলে বিভিন্ন ক্ষেত্রে চ্যাম্পিয়নদের বক্তব্য প্রচার | | | | | |
| | কৃষকদের নিয়ে মৌসুম অনুযায়ী ফলমুল ও শাকসবজি উৎপাদন মেলানো খেলা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠান | | | | | গ্রাম পর্যায়ে খেলার মাঠ |
| | মা, বাবা, শাশুড়ী, বৌদের নিয়ে স্বাস্থ্যসম্মত ও পুষ্টিকর খাবার রন্ধন/নির্বাচন প্রতিযোগীতা | | | | | বাড়ীর উঠান বা বাড়ীর আশেপাশে ফাকা জায়গা |
| | জাতীয় টেলিভিশন, বেতার, কমিনিউটি রেডিও, এফএম রেডিওতে পুষ্টি সপ্তাহ এর জন্য সংবাদে ও বিজ্ঞাপন এবং বিশেষ প্রতিবেদন প্রচার অন্তত ১০ মিনিট | | | | | |
| | দৈনিক সংবাদ পত্রিকায় প্রতিপাদ্য বিষয়ের উপর প্রতিবেদন প্রকাশ | | | | | |
| | পুষ্টি নীতির উপর অবহিতকরণসভা | | সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের এবং পুষ্টি বিষয়ে কাজ করে এমন প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দদের নিয়ে | | | |
| চতুর্থ দিন | আহার অনুযায়ী খাদ্যবৈচিত্রসম্মৃদ্ধ বয়সভিত্তিক পুষ্টিকর খাবার তালিকা তৈরীর প্রতিযোগিতা | সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসায় | সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসায় | | | |
| | স্কুল/কলেজে পুষ্টির উপর ১ ঘণ্টা পাঠদান (কেয়ার এর ডায়েরী) | | | | | |
| | স্কুল/কলেজের লাইব্রেরীতে পুষ্টির উপর নির্মিত কমিক্স বই সরবরাহ | | | | | |
| | স্কুলগামী শিশুদের পুষ্টি, কৈশোরকালীন পুষ্টি এবং খাদ্যাভ্যাস | | | | | |
| | কিশোর-কিশোরি পুষ্টি বিষয়ে রেডিও, টিভি স্যাটেলাইট চ্যানেলে বিভিন্ন ক্ষেত্রে চ্যাম্পিয়নদের বক্তব্য প্রচার | | | | | |